

তারিখ: ২৫ জানুয়ারি, ২০২৬ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২৫-০১-২০২৬ তারিখ জনাব জাকিয়া সুলতানা, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এর নেতৃত্বে আলাউদ্দিন এগ্রো ফুড প্রোডাক্টস, ৫৮, চক বাজার, ঢাকাতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

মোবাইল কোর্ট পরিচালনাকালে কারখানাটি অত্যন্ত নোংরা, অপরিষ্কার ও স্যাঁতস্যাঁতে অবস্থায় পরিচালনা করতে দেখা যায়; কারখানার মেঝে ও সিঁড়িতে ময়লার স্তরসহ পিচ্ছিল অবস্থা হয়েছিলো; ময়লার পাত্র আচ্ছাদনহীন অবস্থায় পাওয়া যায়; কারখানায় তেলপোকাকার উপস্থিতি পরিলক্ষিত হয়; কর্মচারীদের ব্যক্তিগত স্বাস্থ্য উপকরণ ব্যবহার করতে দেখা যায় নি; কর্মচারীদের ব্যবহারের জন্য যে টয়লেট সেখানে কোন প্রকার ব্যক্তিগত পরিষ্কার-পরিচ্ছন্ন উপাদান ছিলো না। কোন প্রকার লেবেল সংযোজন ব্যতিরেকে ক্লেভার ও চকলেট পেস্ট সংরক্ষণ করতে দেখা যায়; এসকল অপরাধে দোষ স্বীকারোক্তির ভিত্তিতে নিরাপদখাদ্য আইন, ২০১৩ অনুযায়ী ৩,০০,০০০/- অর্থদন্ড করা হয় এবং তাৎক্ষণিকভাবে আদায় করা হয়।

অভিযানকালে জনাব মো: মিজানুর রহমান, নিরাপদ খাদ্য পরিদর্শক ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটালিয়ন আনসার সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।



বি. এম. রুহুল আমিন রিমন

উপপরিচালক (মাঠ কার্যক্রম অধিশাখা)

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

ই-মেইল: dd.enforcement@bfsa.gov.bd

বিভরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৭। অফিস কপি।